মেহেরপুরে জাতীয় ভোটার দিবস পালিত

“তোমার আমার বাংলাদেশে, ভোট দেব মিলেমিশে” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ৭ম জাতীয় ভোটার দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও র্যালি অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১০টায় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা নির্বাচন অফিসের উদ্যোগে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন জেলা নির্বাচন অফিসার মো. ওয়ালিল্লাহ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। সদর উপজেলা নির্বাচন কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তীর সঞ্চালনায় এছাড়া আলোচনা সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম, টিটিসির অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার প্রমুখ।

এর আগে ৭ম জাতীয় ভোটার দিবস উপলক্ষে একটি র্যালি বের করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলামের নেতৃত্বে র্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে প্রধান সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে শান্তির প্রতীক পায়রা উড়িয়ে ৭ম জাতীয় ভোটার দিবসের সূচনা করা হয়।

এবার বিয়াই বাড়ির হামলায় আহত বিয়াইনের মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামে দুটি পরিবারের মধ্যে সৃষ্ঠ সংঘর্ষে আহত মাহফুজা খাতুন (৫৮) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।

গকতাল শনিবার (১ মার্চ) দিবাগত রাত ৯ টার দিকে রাজশাহী মেডিকেল

কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।
নিহত মাহফুজা খাতুন গাংনী উপজেলা বেতবাড়িয়া গ্রামের দিনমজুর আব্দুর রশিদের স্ত্রী।

গত বৃহস্পতিবার (২৭ ফেব্রæয়ারি) সন্ধ্যার দিকে মাহফুজা খাতুন ও তার স্বামী আব্দুর রশিদ ও ছেলে সোহেল রানাকে বিয়াই বাড়ির লোকজন ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করেছিল।

আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। এদের মধ্যে মাহফুজা খাতুনের অবস্থার অবনতি হলে সেখান থেকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক। দুইদিন চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

নিহতের ছেলে রাসেল আহমেদ এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, এ ঘটনায় আমি এখন মামলা করার জন্য গাংনী থানায় রয়েছি।
রাসেল আহমেদ জানান, আমার বড় ভাই সোহেল রানার সাথে প্রায় আড়াই বছর আগে একই গ্রামের শওকত আলীর মেয়ে পিংকির বিয়ে হয়েছে। বিয়ের পর থেকে স্বামী-স্ত্রীর মধ্যে বনিবনা হচ্ছিলনা। কয়েক দিন আগে আমার ভাই সোহেল রানা ও ভাবি পিংকির মাঝে মনোমালিন্য হয়। আমাদের বাড়ি এসে ঘটনাটি পিংকির চাচী দুলাল হোসেনের স্ত্রী রেবেকা খাতুন শোনেন। পরে তাঁদের পরিবারের মাঝে সত্য মিথ্যা বলে উস্কে দেন। পরে পিংকির পিতার পরিবারের লোকজন গত বৃহস্পতিবার সন্ধ্যার দিকে আমাদের বাড়ির উপর এসে ধারালো অস্ত্র ও লাঠিশোঠা নিয়ে হামলা করে। এতে আমার আব্দুর রশিদ মা মাহফুজা খাতুন, ও ভাই সোহেল রানা জখম হন। পরে তাদের উদ্ধার করে হাসপাতালে নিই।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, এঘটনায় নিহতের ছেলে রাসেল আহমেদ বাদী হয়ে একটি লিখিত এজাহার দিয়েছেন। মামলা রুজ্জু প্রক্রিয়াধীন রয়েছেন।

মেহেরপুরে মানবাধিকার রক্ষায় দিলারা পারভীনের অনন্য স্বীকৃতি

মেহেরপুর জেলার মানবাধিকার ও সমাজসেবার অঙ্গনে বিশেষ অবদান রাখায় বিশিষ্ট মানবাধিকার কর্মী ও বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাথার সাধারণ সম্পাদক দিলারা পারভীন ‘মানবিক কন্যা’ খেতাবে ভূষিত হয়েছেন।

এটি নিঃসন্দেহে এক গৌরবময় স্বীকৃতি, যা তাঁর নিরলস প্রচেষ্টা ও মানবিকতার নিদর্শন বহন করে।

বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার আয়োজনে শনিবার (১ মার্চ) বিকেলে শহরের শরীফ আহমেদের আম্র কাননে এই অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়।

পৌর কলেজের সাবেক অধ্যক্ষ মোঃ এনামুল আজিমের সভাপতিত্বে সম্মাননা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. আবুল বাশার। বিশেষ অতিথি হিসেবে ছিলেন ব্যবসায়ী মোঃ মশিউর রহমান খান ও সমাজসেবক মোঃ মুক্তার হোসেন। স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশনের সিনিয়র সাধারণ সম্পাদক শরিফ আহমেদ।

এছাড়াও এসময় সাংবাদিক রফিকুল আলম, মোঃ আজমাইন হোসেন, মেরিয়েন শুভ্রতা, সমাজসেবী নিলুফার ইয়াসমিনউপস্থিত ছিলেন।

এসময় তারা বলেন, যারা মানবাধিকার রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন। মানবতার সেবায় দিলারা পারভীনের এই অবদান শুধু মেহেরপুর নয়, পুরো দেশবাসীর জন্যই অনুপ্রেরণার উৎস। তাঁর এই অর্জন আমাদের মনে করিয়ে দেয়, আত্মনিবেদন ও নিষ্ঠার মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আনা সম্ভব।

মেহেরপুর প্রতিদিনের পক্ষ থেকে দিলারা পারভীনকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

মুজিবনগরে ভয়াবহ আগুন, ব্যাপক ক্ষয়ক্ষতি

মেহেরপুরের মুজিবনগরে ভয়াবহ আগুন লেগে পুড়ে গেছে ২ টি ভাংড়ির গোডাউন।

গতকাল শুক্রবার দিবাগত রাত ২টার দিকে উপজেলার খানপুর, পুরন্দরপুর ৬ নং ওয়ার্ড বাঘমারা ডোহর নামক স্থানে গোপিনাথপুর গ্রামের হবি কারিগরে ছেলে আলমগীরের গোডাউনে এ আগুনের ঘটনা ঘটে।

পরে পাশেই ওহিদুল নামের একজনের বাড়িতে আগুন ছড়িয়ে পড়ে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। পরে মুজিবনগর ফায়ারসার্ভিস ও সেনাবাহিনীর একটি দল এসে ঘন্টা খানেকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

প্রাথমিকভাবে ধারণা ধারণা করা হচ্ছে বৈদ্যুতিক গোলযোগের কারণে আগুন লাগতে পারে।ক্ষতিগ্রস্ত গোডাউন মালিক আলমগীর জানান, বৈদ্যুতিক শর্টসার্কিট হয়ে আগুন লাগতে পারে। বিভিন্ন প্লাস্টিকের ভাংড়ি ও লোহা-লাকড়ি ভিতরে ছিল। যার প্রায় সবই পুড়ে ভস্মীভূত হয়ে গেছে। এতে আমার প্রায় ৫ লাখ টাকার ক্ষতি হয়েছে।

আরেক ক্ষতিগ্রস্থ ওহিদুল জানান, গোডাউন থেকে আগুন ছড়িয়ে আমার বাড়িতে চলে আসে। অনেক রাত হওয়ার কারনে লোকজনও তেমন একটা ছিল না। পরে সেনাবাহিনী ও ফায়ারসার্ভিসের দল এসে আগুন নিয়ন্ত্রণ করে।

মুজিবনগর ফায়ারসার্ভিস সুত্রে জান যায়, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে বৈদ্যুতিক লাইনের গোলযোগের কারণে আগুন লেগেছে। প্লাস্টিক থাকায় আগুনের তিব্রতা বেশি হয়ে যায়। ধারণা করা প্রায় ৫ লাখ টাকার ক্ষতি হতে পারে।

মেহেরপুরে পবিত্র মাহে রমজান উপলক্ষে বর্ণাঢ্য র্যালি

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র মাহে রমজান উপলক্ষে বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১ মার্চ) সকাল ১০টার দিকে মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের কার্যালয় থেকে একটি র্যালি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়।

মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ. জে. এম. সিরাজুম মুনীরের নেতৃত্বে এ র্যালি অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম।

অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার আমানউল্লাহ, ফিল্ড সুপারভাইজার তৌহিদুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেনার হাফেজ মাওলানা আব্দুল হামিদ, জেলা মডেল মসজিদের ইমাম মাওলানা মো. সাদিকুর রহমান, মাওলানা হাফিজুর রহমান, তরিকুল ইসলাম, খলিলুর রহমান, সজল, আব্দুল হামিদ, হাফেজ আব্দুল হাশেম, নাজমুল ইসলামসহ মুসল্লিরা।

জাতীয় নাগরিক পার্টি কেন্দ্রীয় সংগঠক মেহেরপুরের ছেলে সাকিল

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) কেন্দ্রীয় সংগঠক নির্বাচিত হয়েছেন মেহেরপুরের গাংনীর ছেলে অ্যাডভোকেট সাকিল আহমাদ।

সাকিল আহমাদ গাংনী উপজেলার কড়ইগাছি বামন্দী গ্রামের রুহুল আমিনের ছেলে।

রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউতে ২৮ ফেব্রুয়ারি আনুষ্ঠানিকভাবে

আত্মপ্রকাশ করা নতুন ছাত্র-নেতৃত্বাধীন রাজনৈতিক দল ‘জাতীয় নাগরিক পার্টির’ কমিটিতে গাংনীর এই কৃতি সন্তান স্থান পান।

সাকিল আহমাদ কুষ্টিয়ার একটি ক্যাডেট মাদ্রাসা থেকে প্রাথমিক শিক্ষা শেষ করে ঢাকার টঙ্গি তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা থেকে আলিম পাস করেন। প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত সব পরীক্ষায় গোল্ডেন জিপিএ পেয়ে কৃতিত্বের স্বাক্ষর রাখেন। পরে রাজধানীর নর্দান ইউনিভার্সিটি থেকে আইন বিষয়ে স্নাতক সম্পন্ন করেন। সেখানেও তিনি প্রথম শ্রেণিতে প্রথম স্থান অধিকার করেন।

ছাত্রজীবন থেকেই সাকিল আহমাদ সাংবাদিকতা শুরু করেন। ঢাকার কয়েকটি শীর্ষস্থানীয় অনলাইন পোর্টাল ও পত্রিকায় কাজ করেন। পরবর্তীতে শিক্ষা জীবন শেষ করে বাংলাদেশ সুপ্রিম কোর্টে আইনজীবী হিসেবে আত্মপ্রকাশ করেন। বর্তমানে তিনি সুপ্রিম কোর্টের আইনজীবী হিসেবে কর্মরত আছেন।

সাকিল আহমাদ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শুরু থেকেই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

এদিকে অ্যাডভোকেট সাকিল আহমাদ জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) কেন্দ্রীয় সংগঠক নির্বাচিত হওয়ায় মেহেরপুর জেলা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক ইমতিয়াজ আহমেদ, সদস্য সচিব মোজাহিদুল ইসলামসহ নাগরিক কমিটির নেতৃবৃন্দ ও সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তাকে অভিনন্দন জানিয়েছেন।

গাংনীর তেঁতুলবাড়িয়া থেকে তিনটি হাতবোমা উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার একটি ব্রীজের উপর থেকে তিনটি হাতবোমা উদ্ধার করেছে থানা পুলিশ।

গতকাল শুক্রবার (২৮ ফেব্রুয়ারি) রাত ৯টার দিকে গাংনী উপজেলার নওাপাড়া-তেঁতুলবাড়িয়া সড়কের ধলা ব্রিজের ওপর লালকসটেপ মোড়ানো

হাত বোমা তিনটি উদ্ধার করে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

প্রত্যক্ষদর্শী তেঁতুলবাড়িয়া গ্রামের রাশেদুজ্জামান বলেন, তাঁরা কয়েকজন চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা মোটরসাইকেলের হাট থেকে মোটরসাইকেল কিনে তিনটা গাড়িতে একসাথে আসার আসছিলেন। ব্রীজের কাছাকাছি পৌঁছালে কয়েকজন লোক পালিয়ে যায়। ব্রীজের উপর পৌছানোর পর সেখানে লাল কসটেপ মোড়ানো তিনটি হাতবোমা দেখতে পেয়ে গাংনী থানা পুলিশকে খবর দেন।

পরে গাংনী থানার উপপরিদর্শক পিন্টু সঙ্গীয় ফোর্সসহ ঘটনাস্থলে এসে বোমা তিনটি উদ্ধার করে পানি ভর্তি বালতিতে নিয়ে থানায় নেন। স্থানীয় বাসিন্দা অ্যাডভোকেট মোশারফ হোসেন জানিয়েছেন, ধারণা করা হচ্ছে ছিনতাইকারীরা ছিনতাইয়ের প্রস্তুতি নিচ্ছিল ছিনতাইকারীরা। তিনটি মোটরসাইকেলে কেয়েকজন লোক আছে ভেবে ছিনতাইকারীরা মাঠের দিকে পালিয়ে গেছে।

গাংনী থানার ওসি বাণী ইসরাইল জানিয়েছেন, ঘটনাস্থল থেকে বোমাগুলো উদ্ধার করে পানি ভর্তি বালতিতে রেখে প্রাথমিক অবস্থয় নিস্ক্রিয় করা হয়েছে।

কুতুবপুর ইউনিয়ন বিএনপি’র কর্মী সমাবেশ

মেহেরপুর সদর উপজেলা কুতুবপুর ইউনিয়ন বিএনপির রুদ্রনগর ১ নং ওয়ার্ডের কমিটির সদস্য ও সংগ্রহ পূর্ণ গঠন উপলক্ষে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত আটটার দিকে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নে বিএনপি’র আয়োজনে রুদ্রনগর গ্রামে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

কুতুবপুর ইউনিয়ন বিএনপি ১ নং ওয়ার্ডের কর্মী সমাবেশ অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ।

এই সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আব্দুল রহিম, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল রহমান লাভলু, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, পৌর যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান তপন, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য ফুর্তি হাসান সৌরভ, বিএনপি নেতা আবুল হাশেম সহ কুতুবপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী উপস্থিত ছিলেন।

কুতুবপুর ইউনিয়ন বিএনপি রুদ্রনগর ১ নং ওয়ার্ডের কর্মী সমাবেশ অনুষ্ঠান সঞ্চালনা করেন জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি।

গাংনীতে বীর মুক্তিযোদ্ধাকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুরের গাংনী উপজেলার হেমায়েতপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেনকে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন করা হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ১১টার সময় হেমায়েতপুর ঈদগাহ প্রাঙ্গণে তাকে গার্ড অব অনার দেওয়া হয়। গাংনী থানা পুলিশের একটি দল গার্ড অব অনার প্রদান করেন।

এসময় বিউগলে করুন সুর বাজানো হয়। রাষ্ট্রের পক্ষে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদির হাসান শামীম অভিবাদন গ্রহণ করে বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেনের মরদেহ জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিত করেন।

এসময় উপস্থিত ছিলেন- গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার সামসুল আলম সোনা, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল, বীর মুক্তিযোদ্ধা মজিবুল হক, বীর মুক্তিযোদ্ধা শুকুর আলী, বীর মুক্তিযোদ্ধা আজগর আলীসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেনের মরদেহে শেষবারের মত ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন, বীর মুক্তিযোদ্ধা সামসুল আলম সোনা বীর মুক্তিযোদ্ধা মজিবুল হক, বীর মুক্তিযোদ্ধা শুকুর আলী, বীর মুক্তিযোদ্ধা আজগর আলী। পরে গার্ড অব অনার ও নামাজে জানাজা শেষে স্থানীয় গোরস্থানে দাফন সম্পন্ন করা হয়।

উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেন বৃহস্পতিবার দিবাগত মধ্যরাতে বার্ধক্যজনিত কারণে অসুস্থ হয়ে নিজ বাড়িতে মারা যান। বার্ধক্যজনিত কারণে বিভিন্ন রোগে ভুগছিলেন তিনি। নিজ বাড়িতে চিকিৎসাধীন ছিলেন।

মুক্তিযোদ্ধা আমজাদ হোসেনের স্ত্রী ও দুই ছেলে সহকর্মী মুক্তিযোদ্ধা, বন্ধু-বান্ধব অসংখ্য গুণগ্রাহী রয়েছেন।

মেহেরপুরে জামায়েতে ইসলামীর গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজ উদ্দিনের নেতৃত্বে মেহেরপুরে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি) বিকেল পাঁচটার দিকে মেহেরপুর পৌরসভা বড় বাজার এলাকায় এই গণসংযোগ অনুষ্ঠিত হয়।

এসময় জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারী মোঃ ইকবাল হুসাইন, জেলা নায়েবে আমীর মাহবুব উল আলম, রাজনৈতিক সেক্রেটারি মাওলানা কাজী রুহুল আমিন, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম, পৌর আমীর সোহেল রানা ডলার,

আদর্শ শিক্ষক ফেডারেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যক্ষ আল-আমিন বকুল, পৌর জামায়েত ইসলামীর পেশাজীবী সভাপতি ডাঃ আব্দুস সালাম, জেলা ছাত্রশিবিরের সেক্রেটারী মোঃ আব্দুস সালাম, পৌরসভার জামায়েত ইসলাম ৯ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক সোহেল রানা, সাইফুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও বাংলাদেশ জামায়াতে ইসলামীর বিভিন্ন জেলা নেতাকর্মীরা গণসংযোগে অংশগ্রহণ করেন।